দৈনিক বাংলা

তারিখ ২৭। ৩। ৮১
পৃষ্ঠা

০৯৭

424

# নারায়ণগঞ্জ মহিলা কলেজ কেন্দ্রের ছাত্রীদের পরীক্ষা ঢাকা কলেজে হবে

(স্টাফ রিপোর্টার)

সোমবার নারায়ণগঞ্জের তোলারাম কলেজে সংঘটিত অপ্রীতিকর ঘটনাকে কেন্দ্র করে গতকাল নারায়ণগঞ্জ শহরে অর্ধদিবস হরতাল পালিত হয়েছে।

হরতাল চলাকালীন সময়ে শহরে কোন অপ্রীতিকর ঘটনার খবর পাওয়া যায়নি। শহরে যানবাহন চলাচল, দোকান পাট ও ব্যবসা কেন্দ্রগুলো হরতালের সময় বন্ধ থাকে।

নারায়ণগঞ্জ টার্মিনাল ঘাট থেকে লঞ্চ যাতায়াত করেছে। রেল যোগাযোগও আগের মতই ছিল।

(শেষ পৃঃ ৪-এর কঃ দ্রঃ)

## নারায়ণগঞ্জ মহিলা

(১ম পৃঃ পর)

গতকাল হরতালের সময় তোলারাম কলেজ পরীক্ষা কেন্দ্রের উপকেন্দ্র নারায়ণগঞ্জ মহিলা কলেজে শান্তিপূর্ণভাবে পরীক্ষা অনুষ্ঠিত হয়েছে। এই উপ-কেন্দ্রের মোট ২২৭ জন পরীক্ষার্থিনীর মধ্যে ২২৪ জনই পরীক্ষায় অংশগ্রহণ করে। তোলারাম কলেজ কেন্দ্রের ৯২৩ জন পরীক্ষার্থীর বেশীর ভাগই গতকাল পরীক্ষা দেবার জন্যে কলেজে উপস্থিত হয়।

কিন্তু কলেজের বাইরে জটলাকারী বহিরাগতদের হুমকির মুখে নিরাপত্তাজনিত কারণে তারা গতকাল পরীক্ষা দিতে পারেনি। ৫০ জন পরীক্ষার্থী অবশ্য মহিলা কলেজে ছাত্রীদের সঙ্গে বসে পরীক্ষা দিয়েছে বলে মহকুমা প্রশাসক জানিয়েছেন। তবে আজ থেকে তোলারাম কলেজে আবার পরীক্ষা গ্রহণ শুরু হবে।

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ডের চেয়ারম্যানের সঙ্গে গতকাল রাতে যোগাযোগ করা হলে তিনি জানান, নারায়ণগঞ্জ মহিলা কলেজ উপকেন্দ্রের পরীক্ষার্থিনীদের অনুরোধে তাদের পরীক্ষা দেয়ার ব্যবস্থা ঢাকায় করা হয়েছে; আজ বুধবার থেকে ঢাকা কলেজে তাদের পরীক্ষা অনুষ্ঠিত হবে।

তোলারাম কলেজ কেন্দ্রের পরীক্ষার্থীদের জন্যে তোলারাম কলেজেই পরীক্ষা দেয়ার ব্যবস্থা করা হয়েছে বলে তিনি জানান।

এদিকে সোমবারের ঘটনায় নিহত আবু আউয়ালের লাশ ময়না তদন্তের পর পুলিশ গতকাল ঢাকা মেডিক্যাল কলেজ হাসপাতাল থেকে নিয়ে গেছে বলে হাসপাতাল সূত্রে জানা গেছে। তার কোন আত্মীয়-স্বজন লাশ নিতে আসেনি।

এ ঘটনায় আহতদের মধ্যে যে ৬ জন ঢাকা মেডিক্যাল কলেজ হাসপাতালে চিকিৎসাধীন ছিলেন তাদের আজ সোহরাওয়ার্দী হাসপাতালে স্থানান্তরিত করা হয়েছে। ঢাকা মেডিক্যাল কলেজ হাসপাতালের নার্স ধর্মঘটের কারণে এ ব্যবস্থা নেয়া হয়েছে। তাদের অবস্থা উন্নতির দিকে।

পুলিশ হাসপাতাল সূত্রে জানা গেছে, সোমবারের ঘটনায় আহত যেসব পুলিশ এ হাসপাতালে ভর্তি হয়েছিলেন তাদের অবস্থাও উন্নতির দিকে।